গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান চিকিৎসক, চিকিৎসা বিভাগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ
(বিআইডব্লিউটিএ)

--------------------------------------------------------------------

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

--------------------------------------------------------------------

এর মধ্যে স্বাক্ষরিত

## বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০২৪- ৩০ জুন, ২০২৫

# সূচিপত্র


| বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|
| কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ | ৩ |
| প্রস্তাবনা | ৪ |
| সেকশন ১: সাধারণ  কার্যাবলি | ৫ |
| সেকশন ২: কর্মসম্পাদন পরিকল্পনা | ৬ |
| সংযোজনী ১:শব্দসংক্ষেপ | ৮ |
| সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকের পরিমাপন পদ্ধতি | ৯ |

# কর্মসম্পাদনের সার্বিক চিত্রঃ

## চিকিৎসা বিভাগের বিগত ০৩ (তিন) বছরে অর্জনসমূহঃ

বিআইডব্লিউটিএ'র চিকিৎসা বিভাগ কর্তৃক বিগত ০৩ বছরে (২০২১-২২, ২০২২-২৩ ও ২০২৩-২৪) মোট ৬৮,৫০০ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ৭৮ (আটাত্তর) জন রোগীকে বিভিন্ন রোগের জন্য সর্বমোট ৬৮,৮৫,০০০/-(আটষট্টি লক্ষ পঁচাশি হাজার) টাকা আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে। কোভিড-১৯ আক্রান্ত ১০ জন রোগীকে অক্সিজেন সিলিন্ডার সরবরাহ সহ চিকিৎসা সেবা প্রদান এবং কোভিড-১৯ হতে সুরক্ষার জন্য কমকর্তা ও কমচারীদের মাঝে পিপিই, হ্যান্ড সেনিটাইজার ও মাস্ক সরবরাহ করা হয়েছে। এছাড়া ০৫ (পাঁচ)টি অক্সিজেন সিলিন্ডার, ০৪ (চার)টি অক্সিজেন কনসেনট্রেটর মেশিন, ০২ (দুই) টি ইসিজি মেশিন, ০১ (এক)টি ওজন মাপার মেশিন এবং ০১ (এক)টি নেবুলাইজার মেশিন ক্রয় করা হয়েছে।

## সমস্যা ও চ্যালেঞ্জসমূহঃ

(ক) চাহিদার তুলনায় বাজেট বরাদ্দ অপ্রতুল।
(খ) চিকিৎসা বিভাগের কার্যক্রম পরিচালনার জন্য পযাপ্ত স্থানের সংকট।
(গ) আধুনিক এ্যাম্বুলেন্স এর অভাব/ঘাটতি।
(ঘ) চিকিৎসা ব্যবস্থা Digitalization/Automation না করায় সেবা তথা ব্যবস্থাপত্র ও ঔষধ বিতরনে এনালগ পদ্ধতি অনুসরন।
(ঙ) অধিকাংশ মাঠ পর্যায়ের অফিসগুলোতে চিকিৎসা কেন্দ্র না থাকা।
(চ) ইসিজি মেশিন পরিচালনার জন্য মেডিক্যাল টেকনিশিয়ান না থাকা।
(ছ) বিআইডব্লিউটিএ'র কর্মকর্তা ও কর্মচারীদের মাঝে স্বাস্থ্য সচেতনতার অভাব।

## ভবিষ্যৎ পরিকল্পনাঃ

(ক) যথাযথ যৌক্তিকতাসহ বরাদ্দ বৃদ্ধির প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করা।
(খ) যথাযথ যৌক্তিকতাসহ স্থান বৃদ্ধির প্রস্তাব প্রকৌশল বিভাগে প্ররণ করা।
(গ) আধুনিক এ্যাম্বুলেন্স ক্রয়ের প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা।
(ঘ) চিকিৎসা ব্যবস্থা Digitalization/Automation করা।
(ঙ) মাঠ পর্যায়ের অফিসগুলোতে চিকিৎসা কেন্দ্র চালু করা।
(চ) ০৩ (জন) মেডিক্যাল টেকনিশিয়ান (ইসিজি- মহিলা) পদে নিয়োগ প্রদান করা।
(ছ) বিভিন্ন স্বাস্থ্য সচেতনতা মূলক কর্মসূচী গ্রহন ও বাস্তবায়ন করা।

## ২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

(ক) ৬৮,৫০০ জন কর্মকর্তা ও কর্মচারীকে চিকিৎসা ব্যবস্থাপত্র ও ঔষধসহ চিকিৎসা সেবা প্রদান।
(খ) কর্মকর্তা/কর্মচারীদের জন্য সেপ্টেম্বর/২৪ ও মে/২৫ মাসের মধ্যে ৫০ লক্ষ টাকার ঔষধ ক্রয়।
(গ) ৪৫০ জনের মধ্যে ফ্রি ডায়াবেটিস চেক আপ করা।
(ঘ) ৫২৫০ জনের মধ্যে টেলিমেডিসিন সেবা প্রদান।

## প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রধান চিকিৎসক, চিকিৎসা বিভাগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)

------------------------------------------------------------

এবং

------------------------------------------------------------

চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হলো।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন :

## সেকশন-১:

## সাধারণ কার্যাবলি

১। কর্তৃপক্ষের কর্মকতা/কর্মচারী এবং তাঁদের পরিবারবর্গের প্রাথমিক ও জরুরী চিকিৎসা সেবা প্রদান এবং চিকিৎসা সেবার মান উন্নয়নে কার্যক্রম গ্রহন করা।

২। কর্তৃপক্ষের অসুস্থ্য রোগীদের বিশেষজ্ঞ Consultation এর নিকট প্রেরণ করা, হাসপাতালে ভর্তি, অপারেশন সংক্রান্ত পরামর্শ প্রদান pre & post-operative জটিল রোগীদের Follow up সর্ম্পকে সার্বিক সহযোগীতা প্রদান করা ।

৩। চিকিৎসা সংক্রান্ত বাজেট প্রনয়ন ও নিয়ন্ত্রন করা।

৪। যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে ঔষধ ক্রয়, সংরক্ষন ও ব্যবস্থাপত্রের মাধ্যমে অসুস্থ রোগীদের মধ্যে বিতরন করা হয়।

৫। নির্ধারিত নীতিমালার আওতায় কর্তৃপক্ষের জটিল রোগে আক্রান্ত দুঃস্থ কর্মকর্তা/কর্মচারীদের চিকিৎসা অনুদান প্রদানের ক্ষেত্রে সকল কার্যাদি পালন এবং এ সম্পর্কিত ব্যয় খাতের বাজেট নিয়ন্ত্রন করা।

৬। চিকিৎসা বিভাগের নীতি নির্ধারনের ক্ষেত্রে উর্দ্ধতন কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান।

৭। চিকিৎসা সম্পর্কীয় জাতীয় ও আন্তর্জাতিক সেমিনারে অংশগ্রহণ।

৮। অফিস সময়ের পরে প্রয়োজনবোধে In case of acute emergency কর্তৃপক্ষের রোগীদের টেলিমেডিসিন সেবা প্রদান।

## সেকশন-২: কর্মসম্পাদন পরিকল্পনা

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন | | লক্ষমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২৬ | প্রক্ষেপণ ২০২৬-২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ | ১৬ |
| [১] বিআইডব্লিউটি এ'র কর্মকর্তা ও কর্মচারীগণের স্বাস্থ্য সেবা কার্যক্রম বাস্তবায়ন | ১০০ | [১.১] কর্মকর্তা ও কর্মচারীদেরকে চিকিৎসা ব্যবস্থা প্রদান | [১.১.১] ব্যবস্থাপত্র প্রদানকৃত কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | - | সংখ্যা | ৪০ | ৬৫০০০ | ৬৭০০০ | ৬৮৫০০ | ৬১৬৫০ | ৫৪৮০০ | ৪৭৯৫০ | ৪১১০০ | ৭০০০০ | ৭০৫০০ |
| | | | [১.১.২] ঔষধ বিতরনকৃত কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | - | সংখ্যা | ২০ | ৬০,০০০ | ৬২০০০ | ৬৩৫০০ | ৫৭১৫০ | ৫০৮০০ | ৪৪৪৫০ | ৩৮১০০ | ৬৪,০০০ | ৬৪৫০০ |
| | | [১.২] ঔষধ ক্রয় | [১.২.১] কর্মকর্তা/ কর্মচারীদের জন্য ঔষধ ক্রয়কৃত | তারিখ | তারিখ | ২০ | ১৩/১২/২৩ | ৩০/০৫/২০২৪ | ১৫/০৯/২৪ ৩০/০৫/২৫ | - | - | - | - | ৩০/৯/২৫ ৩০/৯/২৬ | ৩০/৯/২৬ ৩০/৯/২৭ |
| | | [১.৩] ফ্রি ডায়াবেটিস চেকআপ | [১.৩.১] ডায়াবেটিস চেকআপকৃত | | জন | ১০ | ৪০০ | ৪৫০ | ৪৫০ | ৪০৫ | ৩৬০ | ৩১৫ | ২৭০ | ৫০০ | ৫৫০ |
| | | [১.৪] টেলিমেডিসিন | [১.৪.১] টেলিমেডিসিন সেবা প্রদানকৃত | | জন | ১০ | ৫০০০ | ৫১৫০ | ৫২৫০ | ৪৭২৫ | ৪২০০ | ৩৬৭৫ | ৩১৫০ | | |

আমি, প্রধান চিকিৎসক, চিকিৎসা বিভাগ, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ) হিসেবে চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

৩০-০৬-২০২৪

প্রধান চিকিৎসক
চিকিৎসা বিভাগ
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

ডাঃ যাদব চন্দ্র দেবনাথ
প্রধান চিকিৎসক

তারিখ

৩০-০৬-২০২৪

চেয়ারম্যান
বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ

কমডোর আরিফ আহমেদ মোস্তফা
চেয়ারম্যান
বিআইডব্লিউটিএ, ঢাকা

তারিখ

# সংযোজনী-১

শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিআইডব্লিউটিএ | বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ |
| ২ | ইসিজি | ইলেক্ট্রোকার্ডিওগ্রাম |

## সংযোজনী-২:

## কর্মসম্পাদন সূচকের পরিমাপন পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| ১ | [১.১] কর্মকর্তা ও কর্মচারীদেরকে চিকিৎসা ব্যবস্থা প্রদান | [১.১.১] ব্যবস্থাপত্র প্রদানকৃত কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | বিভাগীয় প্রধানের প্রত্যয়ন/ মাসিক/ ত্রৈমাসিক হিসাবের প্রতিবেদন/সারসংক্ষেপ প্রতিবেদন ছবি/ভিডিও/গ্রহন প্রতিবেদন |
| | | [১.১.২] ঔষধ বিতরনকৃত কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | |
| ২ | [১.২] ঔষধ ক্রয় | [১.২.১] কর্মকর্তা/ কর্মচারীদের মধ্যে ঔষধ ক্রয়কৃত | |
| ৩ | [১.৩] ফ্রি ডায়াবেটিস চেকআপ | [১.৩.১] ডায়াবেটিস চেকআপকৃত | |
| ৪ | [১.৪] টেলিমেডিসিন সেবা | [১.৪.১] টেলিমেডিসিন সেবা প্রদানকৃত | |